



# ব্যান্সডক

২৩/০৬/২০১৮  
হুজুত

(বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার)

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ই-১৪/ওয়াই, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

স্মারক নং-৩৯/০৪.০০০০.০০২.১১.০১৩.১৭-২৩৯

তারিখ: ০১/০৩/২০১৮ খ্রি:

## নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) এর নিম্নবর্ণিত পদে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১.	ডকুমেন্টেশন অফিসার জাতীয় বেতন স্কেল ২০১৫ ২২০০০-৫৩০৬০ (৯ম গ্রেড) (পদটি অস্থায়ী)	০১	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর অথবা গ্রন্থাগার বিজ্ঞানে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী; এবং (খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠানে ডকুমেন্টেশন ও ইনফরমেশন সংক্রান্ত কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা।

### আবেদনের শর্ত ও নিয়মাবলী:

<http://bansdoc.teletalk.com.bd> তে প্রদত্ত নিয়মাবলী অনুসরণ করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে।

১। অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু এবং শেষ হওয়ার তারিখ ও সময়।

ক। আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬.০৩.২০১৮ সকাল ১০.০০ টা।

খ। আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২২/০৩/২০১৮ সন্ধ্যা ০৬.০০টা।

আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ সন্ধ্যা ০৬.০০টার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

গ) পরীক্ষার ফি জমাদানের নিয়ম: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যম ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৪০০.০০ টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

প্রথম SMS: BANSDOC<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BANSDOC ABCDEF

দ্বিতীয় SMS: BANSDOC<space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BANSDOC YES 12645678



- ২। বয়স সীমা: ২২/০৩/২০১৮ তারিখে বয়স- (আবেদনপত্র জমার শেষ তারিখ)
- ক) মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ থেকে ৩০ বছর পর্যন্ত।
- খ) মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ থেকে ৩২ বছর পর্যন্ত।
- ৩। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।
- ৪। মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে:
- ক) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, পুত্র কন্যাদের পুত্র কন্যা হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২ তারিখের মু: বি: ম: /সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের ২টি সত্যায়িত কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ সম্বলিত এসএসসি বা সমমানের সনদ/এসএসসি বা সমমান পরীক্ষায় পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সার্টিফিকেট/জন্মতারিখ সম্বলিত প্রামাণিক দলিল এবং মুক্তিবর্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর, মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ এবং মুক্তিবর্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে হাতে লিখতে হবে।
- ৫। ৪ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য কাগজপত্র ও অন্যান্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।
- ৬। অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোন কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।
- ৭। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান কোটা পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তিত বিধি-বিধান অনুসরণ করা হবে।
- ৮। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল কিংবা বিধিমোতাবেক নিয়োগ সংক্রান্ত যেকোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করেন।
- ১০। ব্যান্ডকের ওয়েব সাইটে [www.bansdoc.gov.bd](http://www.bansdoc.gov.bd), <http://bansdoc.teletalk.com.bd> প্রদত্ত নিয়মাবলী অনুসরণ করে অনলাইনে আবেদনপত্র পূরণ করতে হবে।
- ১১। লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচি ব্যান্ডকের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। মৌখিক পরীক্ষার জন্য ডাকযোগে আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।
- ১২। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

*(স্বাক্ষর)*  
০১/০৩/১৮

মহাপরিচালক

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড

টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্ডক)